



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG

ডাউনলোড
“এই যুগ
অ্যাপ”




এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 4 OCTOBER 2026, SUNDAY | ৪ অক্টোবর ২০২৬, রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-300

চা বাগানে হাতির পাল, বন কর্মীরা তৎপরতার সাথে ফেরত পাঠালেন বনে



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৩ অক্টোবর : শনিবার সকালে আলিপুরদুয়ার জেলার মাদারীহাট ব্লকের মুজনাই চা বাগানের আঠাশ নম্বর সেকশনের বাঙ্গাবাড়ি লাইনে ছটি হাতির একটি পালকে ঘুরে বেড়াতে দেখে চাক্ষুষ ছড়ায় চা বাগান সহ লাগোয়া এলাকায়। খবর দেওয়া হয় বন দপ্তরের মাদারীহাট রেঞ্জের ধুমচি বিট অফিসে। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছান বন কর্মীরা। বেশ কিছুক্ষনের চেষ্টায় বন কর্মীরা হাতির পালটিকে ধুমচি জঙ্গলে ফেরত পাঠান। কোন ক্ষয় ক্ষতির খবর পাওয়া যায়নি। জঙ্গলে ফেরত পাঠানোর পরও এলাকায় নজরদারি চালাচ্ছেন বন কর্মীরা। হাতির পালটির প্রতি নজর রাখার পাশাপাশি তারা চা বাগান ও লাগোয়া এলাকার বাসিন্দাদের সতর্ক থাকার পরামর্শ দিচ্ছেন। হাতিগুলি জঙ্গলে ফিরে যাওয়ায় স্বস্তিতে এলাকাবাসী।

হাই কোর্টের নির্দেশে ভাঙ্গা হলো ষাট বছরের পুরনো বাড়ির একাংশ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৩ অক্টোবর : হাই কোর্টের নির্দেশে শনিবার শিলিগুড়ি পৌর নিগমের ত্রিশ নম্বর ওয়ার্ডের দেশবন্ধুপাড়ায় ষাট বছরের পুরনো একটি বাড়ির একাংশ ভেঙ্গে দিলো পৌর নিগমের কর্মীরা। জানা গেছে বাড়ির একটি অংশের মালিকানা নিয়ে বহুদিন ধরে শরিকী বিবাদ চলছে। বিবাদ গড়ায় হাই কোর্ট পর্যন্ত। পরবর্তীতে হাই কোর্ট এক মাসের সময় সীমা বেঁধে দিয়ে বাড়ির মালিককে নির্দেশ দেন বাড়ির বিতর্কিত অংশটি ভেঙ্গে ফেলতে। বাড়ির মালিক নির্দিষ্ট সময় সীমার পেরিয়ে গেলেও বাড়ির বিতর্কিত অংশটি ভাঙ্গেননি। পৌর নিগম সূত্রে জানানো হয় নির্দেশিত অংশটি বাড়ির মালিক হাই কোর্টের নির্ধারিত সময় সীমার মধ্যে না ভাঙ্গায় পৌর নিগমের পক্ষ থেকে ভেঙ্গে দেওয়া হয়।

জলপাইগুড়ি জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত টুরিজম স্টেকহোল্ডার মিট এর উদ্বোধন করলেন পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ৩ অক্টোবর : জলপাইগুড়ি জেলা প্রশাসনের উদ্যোগে শনিবার চালসায় একটি বেসরকারি হোটেলের সম্মেলন কক্ষে আয়োজিত হয় টুরিজম স্টেকহোল্ডার মিট। প্রদীপ জ্বালিয়ে এই সম্মেলনের উদ্বোধন করেন রাজ্যের পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ। উপস্থিত ছিলেন নাগরাকাটার বিধায়ক পূনা ভেংরা, জেলা প্রশাসনের আধিকারিকগণ ও পর্যটন শিল্পের সাথে যুক্ত বিশিষ্ট ব্যক্তিগণ। পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ জানান উত্তরবঙ্গের পর্যটনকে আরও সমৃদ্ধ ও আকর্ষণীয় করে তুলতে পর্যটন শিল্পের সাথে যুক্ত বিভিন্ন পক্ষের মতামত, অভিজ্ঞতা ও সম্ভাবনার বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে। স্থানীয় পর্যটন পরিকাঠামো, কর্মসংস্থান এবং পর্যটন কেন্দ্রিক অর্থনৈতিক উন্নয়নের বিভিন্ন দিক নিয়েও মত বিনিময় হয়। উত্তরবঙ্গের প্রাকৃতিক সৌন্দর্য, সংস্কৃতি ও ঐতিহ্যকে বিশ্বের পর্যটন মানচিত্রে তুলে ধরায় রাজ্য সরকার ও রাজ্য পর্যটন দপ্তরের লক্ষ্য বলে জানান পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ।

উদ্ধার হেরোইন, গ্রেপ্তার আঠারো বছর বয়সী এক যুবক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ৩ অক্টোবর : মুর্শিদাবাদ জেলা পুলিশের লালগোলা থানার পুলিশ গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে শনিবার থানার অন্তর্গত রামনগর লাগোয়া বিজলের মাঠ এলাকায় অভিযান চালিয়ে আঠারো বছর বয়সী এক যুবককে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক যুবকের হেফাজত থেকে উদ্ধার হয় ২.২ কেজি হেরোইন। উদ্ধার করা হেরোইন বাজেয়াপ্ত করে যুবককে গ্রেপ্তার করে পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে ধৃত যুবকের নাম সাহাদাত হোসেন (১৮), বাড়ি রামনগর এলাকায়। সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করেছে পুলিশ। এই যুবক কোথা থেকে হেরোইন সংগ্রহ করেছে, কোথায় পাচার করতো, তার সাথে আরও কেউ জড়িত আছে কিনা সেসব বিষয় খতিয়ে দেখছে পুলিশ।

দুর্গাপুজোর ট্রাফিক নিয়ন্ত্রণে কোচবিহারে বিশেষ মিটিং, তৈরি করা হচ্ছে রোড ম্যাপ



ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার : শুক্রবার শহরের পুলিশ লাইন কনফারেন্স হলে দুর্গাপূজা নিয়ে একটি মিটিং এর আয়োজন করা হয়েছিল। উপস্থিত ছিলেন ডেপুটি এস পি (ট্রাফিক)সহ সমগ্র জেলার ট্রাফিক বিভাগের আধিকারিকরা এবং বিভিন্ন গাড়ির সংগঠন। পূজোয় যানজট ঠেকাতে কোচবিহারে ট্রাফিক পুলিশের পক্ষ থেকে বিশেষ রোড ম্যাপ তৈরি করা হবে। দুর্গাপূজোর ভিড় সামলাতে কোচবিহারে বিশেষ ট্রাফিক প্ল্যান তৈরি করা হচ্ছে।দুর্গাপূজোর ভিড়ে শহরে যানজট নিয়ন্ত্রণ ও যান চলাচল স্বাভাবিক রাখতে বিশেষ প্রস্তুতি শুরু করল কোচবিহার সদর ট্রাফিক পুলিশ।

চুরির কয়েকঘন্টার মধ্যেই উদ্ধার চুরি যাওয়া সামগ্রী ,গ্রেপ্তার চোর



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন শিলিগুড়ি থানার পুলিশ একটি চুরির অভিযোগ পেয়ে তদন্তে নেমে চুরির কয়েকঘন্টার মধ্যেই উদ্ধার করে চুরি যাওয়া সামগ্রী, গ্রেপ্তার করে এক ব্যক্তিকে। জানা গেছে বৃহস্পতিবার শিলিগুড়ির হাতিমোড় এলাকার একটি বাড়িতে চুরির ঘটনা ঘটে। বাড়ির কর্তা মীরা লেপচা বৃহস্পতিবার বিকালে শিলিগুড়ি থানায় চুরির অভিযোগ দায়ের করেন। তিনি জানান তার বাড়ি থেকে নগদ টাকা, গুরুত্বপূর্ণ নথিপত্র ও অন্যান্য সামগ্রী চুরি গিয়েছে। অভিযোগ পেয়ে পুলিশ ঘটনার তদন্তে নেমে শুক্রবার বিকালে এক ব্যক্তিকে গ্রেপ্তার করে ও তার হেফাজত থেকে চুরি যাওয়া নগদ টাকা, গুরুত্বপূর্ণ নথিপত্র ও অন্যান্য সামগ্রী উদ্ধার করে। উদ্ধার করা সমস্ত কিছু মীরা লেপচার হাতে তুলে দেয় পুলিশ। মীরা লেপচা জানান তার এক আত্মীয়ের চিকিৎসার জন্য এই টাকা রাখা হয়েছিলো, চুরি যাওয়া টাকা পুলিশের তৎপরতায় ফেরত পেয়ে তিনি পুলিশকে ধন্যবাদ জানান। ধৃতের বিরুদ্ধে আইনী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

ময়নাগুড়ি থানার পুলিশের অভিযানে উদ্ধার গাঁজা ,গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি : জলপাইগুড়ি জেলা পুলিশের ময়নাগুড়ি থানার পুলিশ বিশ্বস্ত সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে শুক্রবার থানা এলাকায় অভিযান চালিয়ে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করে। ধৃতদের হেফাজত থেকে উদ্ধার হয় দশ কেজি দুশো পয়তাল্লিশ গ্রাম গাঁজা। পুলিশ সূত্রে জানানো হয়েছে ধৃত দুজন পাঞ্জাবের বাসিন্দা, তদন্তের স্বার্থে তাদের নাম ঠিকানা গোপন রাখা হয়েছে। পুলিশের অনুমান ধৃত দুই ব্যক্তি পাচারের উদ্দেশ্যে গাঁজা নিয়ে যাচ্ছিলো। পুলিশ সূত্রে আরও জানানো হয়েছে সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করা হয়েছে পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

উদ্ধার আগ্নেয়াস্ত্র সহ গুলি ,গ্রেপ্তার তিন



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার : কোচবিহার জেলা পুলিশের দিনহাটা থানার পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে শুক্রবার দিনহাটা থানা এলাকার রেড লাইট এরিয়ায় অভিযান চালিয়ে তিন জনকে গ্রেপ্তার করে। ধৃতদের হেফাজত থেকে উদ্ধার হয় একটি দেশী আগ্নেয়াস্ত্র ও তিন রাউন্ড গুলি। উদ্ধার করা গুলি ও আগ্নেয়াস্ত্র বাজেয়াপ্ত করে ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে ও আদালতে পেশ করা হয়েছে। ধৃতরা কি উদ্দেশ্যে কোথা থেকে আগ্নেয়াস্ত্র ও গুলি সংগ্রহ করেছে তা খতিয়ে দেখছে পুলিশ।

শিবিরে ফর্ম পূরণের নামে টাকা নেওয়ার অভিযোগ ,গ্রেপ্তার এক




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ অক্টোবর : মাদারিহাট বিডিও অফিস চত্বরে আয়োজিত সেবা সেতু প্রকল্পের শিবিরে ফর্ম পূরণ করে দেওয়ার নাম করে মহিলাদের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগ উঠল এক ব্যক্তির বিরুদ্ধে। অভিযোগ, শিবিরে আসা কয়েকজন মহিলার কাছ থেকে ফর্ম ফিল-আপ করে দেওয়ার নামে ওই ব্যক্তি ১০০ টাকা ও ৫০ টাকা করে নিষ্কিলেন। বিষয়টি নজরে আসতেই বিজেপি যুব মোর্চা নেতৃত্ব ঘটনাস্থলে গিয়ে ওই ব্যক্তিকে আটক করেন। সেখানে উপস্থিত কয়েকজন মহিলা অভিযোগ করেন, ফর্ম পূরণের জন্য তাঁদের কাছ থেকে টাকা নেওয়া হয়েছিল। এরপর অভিযোগকারীদের টাকা ফেরত দেওয়ার ব্যবস্থা করা হয়। পরবর্তীতে আটক ব্যক্তিকে মাদারিহাট থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়। পুলিশ আটক করে থানায় নিয়ে যায় এবং ঘটনার বিষয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। সরকারি পরিষেবা সংক্রান্ত শিবিরে ফর্ম পূরণের নামে সাধারণ মানুষের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগ ঘিরে ঘটনাটি নিয়ে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

পুজোর আগে শিলিগুড়ির রাস্তাঘাট, নিকাশী নালা, রাস্তার কাজ খতিয়ে দেখলেন পৌর নিগমের প্রশাসক আর বিমলা



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি : পুজোর আগেই শুক্রবার দিনভর শিলিগুড়ির রাস্তাঘাট, রাস্তার নির্মাণ ও সংস্কার কাজ, নিকাশী নালার হাল হকিকত খতিয়ে দেখলেন শিলিগুড়ি পৌর নিগমের প্রশাসক আর বিমলা। জানা গেছে এদিন তিনি শহরের বিভিন্ন ওয়ার্ড ঘুরে রাস্তাঘাটের অবস্থা, সংস্কার চলছে এমন রাস্তার কাজ, নিকাশী নালার পরিস্থিতি খতিয়ে দেখেন। স্থানীয় বাসিন্দাদের সাথে কথা বলেন ও জানতে চান নালা গুলি নিয়মিত পরিষ্কার করা হয় কিনা, রাস্তা ঘাটের পরিস্থিতি কেমন। প্রশাসক আর বিমলা জানান পুজোর সময় যাতে যান বাহন চলাচলে কোন সমস্যা না হয় বা সাধারণ মানুষের চলাচলে কোন অসুবিধা না হয় সে কারণেই এই পরিদর্শন। যেসব জায়গায় সংস্কার কাজ চলছে সেগুলি দ্রুত শেষ করতে দায়িত্ব প্রাপ্ত সংস্থাগুলির কর্মীদের বলা হয়েছে।

উদ্ধার একটি পূর্ণবয়স্ক দাঁতালের মৃতদেহ ,চাঞ্চল্য এলাকায়



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি : জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ ব্লকের মাল্তাদারি গ্রাম পঞ্চায়েতের নোধাবাড়ী এলাকায় চা বাগানের পাশে ধানক্ষেত থেকে একটি পূর্ণবয়স্ক দাঁতালের মৃতদেহ উদ্ধার এর ঘটনাকে কেন্দ্র করে ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। শুক্রবার সকালে স্থানীয়রা চা বাগান লাগোয়া একটি ধান ক্ষেতে হাতির মৃতদেহটি পড়ে থাকতে দেখে বন দপ্তরের বেলাকোবা রেঞ্জের খবর দেন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান বন দপ্তরের আধিকারিক ও কর্মীরা এবং গজলডোবা থানার পুলিশ কর্মীরা। তারা হাতিটির মৃত্যুর কারন জানতে তদন্ত শুরু করেছেন। তারা জানান হাতিটির মৃত্যুর সঠিক কারন জানা যাবে ময়না তদন্তের রিপোর্ট পাবার পর। তবে অনুমান বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে হাতিটির মৃত্যু হতে পারে। কারণ হিসাবে তারা জানান ধানক্ষেতে তারের ফেন্সিং রয়েছে। জমির ফসল বুনোদের থেকে বাঁচাতে জমির মালিকরা অনেক সময় তারের ফেন্সিং লাগিয়ে তাতে বিদ্যুৎ সংযোগ করেন। এখানে তারের ফেন্সিং এ বিদ্যুৎ সংযোগ করা ছিলো কিনা তা খতিয়ে দেখছে পুলিশ ও বন দপ্তরের কর্মীরা।

মুক এবং বধির যুবতীকে ধর্ষণ ,অভিযুক্ত পলাতক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ অক্টোবর : মুক এবং বধির এক যুবতীকে ধর্ষণ করার অভিযোগ উঠেছে তার প্রতিবেশী কাকার বিরুদ্ধে। ওই যুবতীর বয়স ২৪ বছর। তার প্রতিবেশী কাকার বয়স ৩৬ বছর। গত একমাস আগে ওই যুবতীকে হাতে বেঁধে ধর্ষণ করে একমাস বাদে তার মা বাড়িতে আসার পরেই যুবতী ইশারায় ইঙ্গিতে সমস্ত কিছু বলে তার মাকে। মেয়ের কাছ থেকে বিস্তারিত সবকিছু শুনে কামাখ্যাগুড়ি পুলিশ ফাঁড়িতে অভিযোগ দায়ের করেন যুবতীর মা। তবে অভিযুক্ত পাড়া-প্রতিবেশী কাকা পলাতক রয়েছেন। যুবতীকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়েছে জবানবন্দী নেওয়ার জন্য।

ব্রাজিল এর কাছে ৪-০ গোলে পরাজিত ভারত



ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কলকাতা ,৩ অক্টোবর : শনিবার সন্ধ্যায় সল্টলেকের বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গনে ফিফা আন্তর্জাতিক প্রীতি ফুটবল ম্যাচে ব্রাজিলের সাথে মুখোমুখি হয়েছিল ভারত। পাঁচ বারের বিশ্ব চ্যাম্পিয়ন ব্রাজিলের সঙ্গে এই প্রথম মুখোমুখি হয় ভারত। যে কারণে এই ম্যাচ কে ঘিরে ফুটবলপ্রেমীদের মধ্যে ছিল ব্যাপক উন্মাদনা। ব্রাজিল অধিনায়ক মার্কুইনোস ,ভেনিসিয়াস জুনিয়র ,এন্দ্রিক, এস্তেভাও প্রমুখ খেলোয়াড় মাঠে নামার সাথে সাথেই যুবভারতী ক্রীড়াঙ্গনের গ্যালারিতে দর্শকদের মধ্যে ব্যাপক উল্লাস ও উত্তেজনা লক্ষ্য করা যায়। খেলা শুরু ২৮ মিনিটের মাথায় গোল করেছেন ব্রাজিলের পক্ষে এস্তেভাও। ব্রাজিলের হয়ে সামুয়েল লিনো দুটি গোল করেন এবং এস্তেভাও ও পেদ্রো একটি করে গোল করেন। প্রথমবার বিশ্ব চ্যাম্পিয়ন ব্রাজিলের মুখোমুখি হয়ে ভারত যথেষ্ট ভালো খেলেছে বলে মন্তব্য করেন ফুটবল বিশেষজ্ঞরা। আবার অনেকেই বলেছেন ,যে ব্রাজিলের খেলা দেখতে ফুটবলপ্রেমীরা অভ্যস্ত সেটা তারা খেলতে পারেনি।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

